গভার্নেন্স এডভোকেসি ফোরাম GOVERNANCE ADVOCACY FORUM | The Asia Foundation | Manusher Jonno Foundation | UKaid from the British people

কার্যকর স্থানীয় সরকার জাতীয় কনভেনশন ২০২১

Effective Local Government National Convention 2021

# টেকসই উন্নয়নে স্থানীয় সরকার

**১৯ ডিসেম্বর ২০২১**

**কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ, ঢাকা**

বিগত কয়েক বছর ধরে বাংলাদেশে ‘স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ’ এক ক্রান্তিকালের মধ্য দিয়ে অগ্রসর হচ্ছে। কোনো কোনো ক্ষেত্রে আইনের যথাযথ বাস্তবায়ন না হওয়ায় নির্বাচিত জনপ্রতিনিধি ও সরকারি কর্মকর্তাদের মধ্যে বিরোধঃ আইন অনুযায়ী নির্বাচিত নারী প্রতিনিধিদের দায়িত্বের ক্ষেত্রে সীমাবদ্ধতা ও যেটুকু কাজের সুযোগ আছে তারও বাস্তবায়ন না হওয়া; স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের নিজস্ব সম্পদ আহরণে সীমাবদ্ধতা; স্থানীয় পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে জনঅংশগ্রহণের সুযোগের অভাব, ইউনিয়ন পর্যায়ে জনঅংশগ্রহণের সীমিত সুযোগ থাকলেও তার কার্যকারিতা না থাকা; চলমান ইউনিয়ন পরিষদ নির্বাচনে অভিজ্ঞতার খারাপ দিকসমূহ; অনেক ক্ষেত্রে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সাথে সংশ্লিষ্ট নির্বাচিত প্রতিনিধি ও সরকারি কর্মকর্তা-কর্মচারীদের স্বচ্ছতা এবং জবাবদিহিতার ঘাটতির কারণে সরকারের কেন্দ্রীয় পরিকল্পনা অনুযায়ী স্থানীয় উন্নয়নে আশানুরূপ ফলাফল অর্জিত হচ্ছে না। উল্লেখ্য যে, দেশের চলমান উন্নয়ন প্রেক্ষাপটে ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন, ২০২৬ সালের মধ্যে উন্নয়নশীল দেশ হিসেবে অগ্রগতি নিশ্চিতকরণ, ২০৩০ এর মধ্যে এসডিজি অর্জনসহ ২০৪১ সালের মধ্যে দেশকে উন্নত দেশে পরিণত করা বর্তমান সরকারের লক্ষ্য। এ লক্ষ্যসমূহ অর্জনে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। পাশাপাশি, কার্যকর স্থানীয় সরকার প্রতিষ্ঠার উদ্দেশ্যে কোনো কোনো ক্ষেত্রে আইনের সংস্কার, আইনানুযায়ী কার্যক্রমসমূহের যথাযথ বাস্তবায়ন এবং সকল ক্ষেত্রে জনঅংশগ্রহণ ও সংশ্লিষ্ট পক্ষসমূহের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা প্রয়োজন। এ প্রেক্ষিতে **গভার্নেন্স এডভোকেসি ফোরাম**-এর উদ্যোগে **আগামী ১৯ ডিসেম্বর ২০২১ কৃষিবিদ ইনিস্টিটিউশন বাংলাদেশ, ঢাকায় ‘কার্যকর স্থানীয় সরকার জাতীয় কনভেনশন ২০২১’** অনুষ্ঠিত হবে। কনভেনশনের মূল ‘প্লেনারি অধিবেশনে’ **প্রধান অতিথি** হিসেবে উপস্থিত থাকবেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী **জনাব মো. তাজুল ইসলাম** এমপি এবং সভাপতিত্ব করবেন গভার্নেন্স এডভোকেসি ফোরামের চেয়ারপার্সন ও পিকেএসএফ-এর চেয়ারম্যান **ড. কাজী খলীকুজ্জমান আহমদ।**

জাতীয় কনভেনশন উপলক্ষে উপরিউক্ত বিষয়সমূহ নিয়ে **একটি গবেষণা** পরিচালিত হচ্ছে। পাশাপাশি উক্ত কনভেনশনকে কেন্দ্র করে স্থানীয় সরকার প্রতিষ্ঠান প্লাটফর্মসমূহের বিভিন্ন ইস্যুতে তাদের মতামত জানতে আলোচনা চলছে। এছাড়া দেশব্যাপী সংশ্লিষ্ট পক্ষসমূহের মতামত জানতে **৫ ডিসেম্বর** থেকে ‘ইস্যুভিত্তিক অনলাইন আলোচনা সভা’ চলছে। জাতীয় কনভেনশনের দিন (১৯ ডিসেম্বর) সকালে **ইস্যুভিত্তিক ৪টি প্যারালাল ডায়ালগ** অনুষ্ঠিত হবে। গবেষণার ফলাফল এবং এ সকল আলোচনা ও ডায়ালগ থেকে প্রাপ্ত মতামত একত্রিত করে ‘প্লেনারি অধিবেশনে’ **মাননীয় প্রধান অতিথির** নিকট সুপারিশসমূহ তুলে ধরা হবে। জাতীয় কনভেনশনে অংশগ্রহণের জন্য **স্থানীয় সরকার প্রতিষ্ঠান প্লাটফর্মসমূহের নেতৃবৃন্দ ও স্থানীয় সরকার প্রতিনিধি, নাগরিক সমাজ, প্রান্তিক জনগোষ্ঠী, বিশেষজ্ঞ, মিডিয়া কর্মীসহ, সংশ্লিষ্ট সকল পক্ষের নারী-পুরুষ-ট্রান্সজেন্ডার-যুব প্রতিনিধিদের অংশগ্রহণের আমন্ত্রণ জানানো যাচ্ছে**। পাশাপাশি সংশ্লিষ্ট সকলকে যার যার অবস্থান থেকে ‘ইস্যুভিত্তিক অনলাইন আলোচনা সভা’য়ও অংশগ্রহণের আমন্ত্রণ জানানো হচ্ছে। পাশাপাশি আগামী ৯ ও ১২ ডিসেম্বর অনুষ্ঠিতব্য ‘ইস্যুভিত্তিক অনলাইন আলোচনা সভা’ও অংশগ্রহণের আমন্ত্রণ জানানো হচ্ছে।

**সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান - টেকসই স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের ভূমিকা সম্পর্কে আপনার মতামত দিন এবং জাতীয় কনভেনশনে অংশগ্রহণ করুন।**

*বি.দ্র: জাতীয় কনভেনশনে অংশগ্রহণের নিয়মাবলী, অনলাইন আলোচনার সময়সূচি ও ইস্যু এবং অন্যান্য বিষয়ে বিস্তারিত জানতে গভার্নেন্স এডভোকেসি ফোরামের ওয়েবসাইট www.gafbd.org ও ফেইসবুক পেইজ facebook.com/gafbd ভিজিট করুন।*

**গভার্নেন্স এডভোকেসি ফোরাম সচিবালয়**

ওয়েভ ফাউন্ডেশন, ২২/১৩ বি, ব্লক-বি, খিলজী রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

ফোন: +৮৮ ০২ ৫৮১৫১৬২০, ০২ ৪৮১১০১০৩

info@gafbd.org

facebook.com/gafbd